

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যান্ড সেফটি/১৪৪/২০২২

তারিখ :- ১৭ জুলাই, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : সাম্প্রতিক তীব্র তাপদাহের প্রেক্ষিতে পোশাক শিল্প কারখানায় অগ্নি নিরাপত্তামূলক জরুরী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ।


প্রিয় সহকর্মী,

আপনারা অবশ্যই লক্ষ্য করেছেন যে, বেশ কিছুদিন যাবৎ সারা দেশে তীব্র তাপদাহ বয়ে যাচ্ছে। এতে জনজীবন যেমন অতিষ্ঠ হয়ে উঠেছে, তেমনি অতিরিক্ত তাপমাত্রার ফলে কারখানায় অগ্নিকাণ্ড, বিস্ফোরণ ইত্যাদি দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা রয়েছে। বিশেষকরে কারখানার বয়লার, জেনারেটর, এয়ার কন্ডিশন, কম্প্রেশর মেশিন, ডায়িং মেশিন, বৈদ্যুতিক সাবস্টেশন ও বিভিন্ন বৈদ্যুতিক মেশিনারিজ ইত্যাদি অতিরিক্ত উত্তপ্ত হয়ে এ ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। যেহেতু পোশাক শিল্প কারখানায় অতি সূক্ষ্ম সূক্ষ্ম কাপড়ের ডাষ্ট রয়েছে, অতি তাপমাত্রার কারণে এগুলো থেকেও অতি সহজেই অগ্নি দুর্ঘটনা এমনকি বিস্ফোরণও ঘটতে পারে। তবে এ বিষয়ে অধিক সচেতন হলে এবং কিছু সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হলে এ ধরনের দুর্ঘটনা এড়ানো সম্ভব বলে আমরা মনে করি। তাই সকল পোশাক শিল্প কারখানায় নিম্নে উল্লেখিত ব্যবস্থাদি জরুরী ভিত্তিতে গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

- (০১) কারখানার বয়লার, জেনারেটর, এয়ার কন্ডিশন, কম্প্রেশর মেশিন, ডায়িং মেশিন, বৈদ্যুতিক সাবস্টেশন ও বিভিন্ন বৈদ্যুতিক মেশিনারিজ যাতে অতিরিক্ত উত্তপ্ত না হয় সেদিকে খেয়াল রাখা এবং মাত্রাতিরিক্ত ব্যবহার থেকে বিরত থাকা। এ সকল যন্ত্রপাতির কক্ষে সার্বক্ষণিকভাবে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থা রাখা। প্রয়োজনে নির্দিষ্ট সময়ের পর মেশিনগুলো বন্ধ রেখে ঠান্ডা রাখার ব্যবস্থা করা।
- (০২) কারখানার বৈদ্যুতিক চ্যানেলসমূহে এবং অন্যান্য সরঞ্জামাদিতে যাতে ডাষ্ট জমতে না পারে সে জন্য ভ্যাকুয়াম ক্লিনার এবং ব্লোয়ার মেশিনের মাধ্যমে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
- (০৩) কারখানার এগজস্ট ফ্যানসমূহ সর্বদা চালু রাখার ব্যবস্থা করা।
- (০৪) কারখানার অভ্যন্তরে খোলা আগুন এবং অযাচিত বৈদ্যুতিক হিটার ব্যবহার করা থেকে বিরত থাকা।
- (০৫) তাৎক্ষণিকভাবে আগুন নির্বাপন করার জন্য কারখানায় প্রয়োজনীয় কার্যকরী অগ্নি নির্বাপক যন্ত্র, হোজ রিল/হাইড্রেন্টের ব্যবস্থা রাখা এবং প্রশিক্ষিত ব্যক্তি নিযুক্ত রাখা।

কারখানায় অগ্নি দুর্ঘটনাসহ যেকোন দুর্ঘটনা রোধে আপনাদের সকলের সচেতনতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি